



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সার্কুলার লেটার নং ডিএমডিঃ ০৫/২০১২

তারিখঃ ১২/১২/২০১২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

প্রাইমারি ডিলারদের তারল্য সুবিধা প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ২২/০২/২০১২ তারিখের সার্কুলার লেটার নং ডিএমডি ০১/২০১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লিখিত সার্কুলার লেটারের ১নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা নিম্নরূপে সংশোধন করা হলো।

১. অকশনে প্রাইমারি ডিলার(পিডি)/নন-পিডির উপর devolveকৃত ট্রেজারি বিল ও বন্ডের পাশাপাশি সফল বিড দাখিলের মাধ্যমে প্রাপ্ত সিকিউরিটিজের বিপরীতে ইস্যুর তারিখ হতে একনাগাড়ে সর্বোচ্চ ২মাস(দুই মাস) পর্যন্ত তারল্য সুবিধা প্রদান করা হবে।

উল্লেখ্য, এ ব্যবস্থা সাময়িক এবং এতদসংক্রান্ত সার্কুলার লেটার নং ডিএমডি-০১/২০০৯, তারিখ ২১/০৪/২০০৯ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

সংশোধিত বিধিবিধান অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,


(বিষ্ণু পদ সাহা)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৩১

E.Mail: bishnu.bd@gmail.com